দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 16 1999
পৃষ্ঠা ৩ কলাম ৫

১৩৮

# বরগুনার সরকারী-বেসরকারী প্রাথমিক বিদ্যালয়গুলিতে অন্তহীন সংকট

বরগুনা (দক্ষিণ) সংবাদদাতা ॥ এই জেলার ৫টি থানার ৩৮টি ইউনিয়ন ও ৪টি পৌরসভা এলাকার প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলি নানা সমস্যায় জর্জরিত। প্রয়োজনীয় নলকূপ ও স্বাস্থ্যসম্মত পায়খানার অভাব এবং গৃহসমস্যা, আসবাবপত্র সমস্যা ও খেলাধুলার মাঠের অভাব ও অন্যান্য কারণে ছাত্র-ছাত্রীদেরকে দুর্ভোগ পোহাইতে হইতেছে।

প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, এই জেলায় ৩৮৯টি সরকারী প্রাথমিক বিদ্যালয় থাকিলেও ঐগুলিতে ৪০ জন প্রধান শিক্ষক ও ১২০ জন সহকারী শিক্ষকের পদ দীর্ঘকাল ধরিয়া শূন্য। সরকারী অনেক বিদ্যালয় মাত্র ২ বা ৩ জন শিক্ষক দ্বারা পরিচালিত হইতেছে। ইহাছাড়া বরগুনা জেলার রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ৩১ এবং রেজিষ্ট্রেশনবিহীন বিদ্যালয় আছে ৪৫টি। জেলায় সরকারী-বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রহিয়াছে মোট ৭৫১টি। ইহার মধ্যে বরগুনা সদর থানায় ২১৪টি,

(৯ম পৃঃ দ্রঃ)

## বরগুনার প্রাথমিক বিদ্যালয়

( ৩য় পৃঃ পর )

পাথর ঘাটার ১৩০টি, আমতলীতে ২১৮টি ও বেতাগীতে ৬১টি রহিয়াছে। প্রায় বিদ্যালয়েই ক্লাস রুমের অভাব বেঞ্চের অভাব, শিক্ষকদের চেয়ার টেবিলের অভাব ছাড়াও অনেক বিদ্যালয়ে দরজা, জানালা নাই। বর্ষার সময় বিদ্যালয়ের চাল হইতে পানি পড়ে ফলে ক্লাস নেওয়া সম্ভব হয় না।